

কালের কর্তৃ

২৬ এপ্রিল, ২০২৪

শুধু চাকরির পেছনে ছুটবে না, উদ্যোগ হবে : স্বাস্থ্যমন্ত্রী



শুধু চাকরির পেছনে না ছুটে উদ্যোগ হতে তরঁণদের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সামন্ত লাল সেন। গতকাল বৃহস্পতিবার সকালে [বাংলাদেশ ইউনিভার্সিটি](#) অব হেলথ সায়েন্সেসের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শিক্ষার্থীদের উদ্দেশে সামন্ত লাল সেন বলেন, ‘তোমরা স্বাস্থ্য বিজ্ঞানবিষয়ক বিভিন্ন কর্মসূচী প্রগামে অনার্স ও মাস্টার্স ডিগ্রি অর্জন করেছ; সেই হিসেবে তোমাদের কর্মস্ক্রিপ্ট তুলনামূলকভাবে সম্প্রসারিত ও অবারিত। তবে তোমরা শুধু চাকরির পেছনেই ছুটবে না, উদ্যোগও হবে।

তরঁণদের জন্য চাকরির ক্ষেত্র তৈরি করবে।’ সমাবর্তন অনুষ্ঠানে জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান, [ইউনিভার্সিটি কলেজ লন্ডনের](#) অধ্যাপক অ্যাস্ট্রনি কষ্টেলো, [বাংলাদেশ ইউনিভার্সিটি](#) অব হেলথ সায়েন্সেসের উপাচার্য ফরিদুল আলম প্রমুখ বক্তব্য দেন।